# বিশুদ্ধ পরিবেশ

ট্রেড এফলুয়েন্ট সম্পর্কীয় তথ্যাবলী

## ব্যবসা বাণিজ্যিক প্রতিষ্ঠানের রান্নাঘর থেকে **দূষণ এবং নরদমা অবরোধ** নিবারণের জন্য **আপনার যা জানা দরকার**

### আপনার ড্রেনের (নরদমা) ভেতর দিয়ে কি যাচ্ছে?

বাণিজ্যিক প্রতিষ্ঠানের রান্নাঘরের ড্রেন বা নরদমা খুব সহজেই তেল, চর্বি এবং খাবার জমে অবরুদ্ধ হয়ে যায়। এর ফলে জল নিষ্কাশন না হতে পারার জন্য রান্নাঘর এবং অন্যান্য স্থান নোংরা জলে ভরে যায়। অবরোধ পরিষ্কার করা এবং অবরোধের ফলে যে ক্ষতি হয় তা পূরণ করা খুবই খরচসাপেক্ষ ব্যাপার - সুতরাং প্রথমেই অবরোধ হবার বিপদসম্ভাবনা কমাবার ব্যবস্থা নেওয়া যথেষ্ট লাভজনক।

### কিভাবে সমস্যার সৃষ্টি হন?

থালাবাসন ধোবার ফলে বাসনপত্রের গায়ে লেগে থাকা চর্বি, তেল ভূমি নিম্নস্থ নরদমায় জমা হতে থাকে এবং ধীরে ধীরে সম্পূর্ণ ভাবে নরদমাটি বন্ধ হয়ে যায়। তেলের জন্যেও নরদমা বন্ধ হয়ে যায় কারণ এটা নরদমায় গিয়ে জমাট বাঁধে। ফেলে দেওয়া কোনো খাবার যেটা সিঙ্কে ফেলা হয়, ভেতরে চলে গিয়ে আরও অনর্থ বাধায়।

### কে দায়ী?

**আপনি!**

যদি ড্রেনটি কোনো বেসরকারী বাড়ি বা ব্যবসা প্রতিষ্ঠানের অঙ্গনে থাকে তাহলে বাসিন্দাদের বা মালিকদের বন্ধ হওয়া ড্রেন পরিষ্কার করার খরচ দিতে হবে। যদি জনসাধারণের ব্যবহার্য ড্রেন বন্ধ হয়ে যায় তাহলে স্কটিশ ওয়াটার তা পরিষ্কার করবেন।

অবরুদ্ধ ভূমির নিম্নস্থ নরদমা পরিষ্কার করা ব্যয়বহুল হতে পারে, কারণ মাটি খুঁড়ে নালী বদলে ফেলার দরকার হতে পারে। যদি দেখা যায় যে কোনো রেস্তোরাঁ, টেক- আওয়ে বা অন্য কোনো ব্যবসার কারণে নরদমা বন্ধ হয়েছে আমরা পরিষ্কার করার যে কোনো কাজের খরচ সরাসরি তাদের কাছ থেকে উশুল করে নেব। এ ক্ষেত্রে কয়েকশো পাউন্ড থেকে এক হাজার পাউন্ডেরও বেশি খরচ হতে পারে।

নরদমা পরিষ্কার করার জন্য কেউই খরচ দিতে চায় না, বাণিজ্যিক প্রতিষ্ঠানের রান্নাঘরের কর্মচারীরা সেজন্য অবশ্যই বুঝতে চেষ্টা করবেন নরদমা বন্ধ হওয়া নিবারণের জন্য তাদের কি করা উচিত। এই প্রচারপত্রের একটি সহজ পরামর্শ যদি আপনি মেনে চলেন তাহলে আপনার দ্বারা কখনোই নরদমা বন্ধ হবে না।

### গ্রীজ ট্র্যাপ ব্যবহার করলে কি কোনো ফল হবে?

গ্রীজ ট্র্যাপ আপনার ড্রেনগুলিকে তেল ও চর্বি থেকে রক্ষা করবে, কিন্তু এটা তখনই ঠিকমত কাজ করবে যদি আপনি নিম্নলিখিতগুলি সুনিশ্চিত করেন ঃ

- গ্রীজ ট্র্যাপটিকে অবশ্যই আকারে বড় হতে হবে - অন্ততঃ সিঙ্কের দ্বিগুণ আকারের যার ফলে সিঙ্কে পড়া খাদ্যদ্রব্য এর মধ্যে দিয়ে ছেঁকে চলে যাবে।
- ট্র্যাপটিতে জমা চর্বি নিয়মিত পরিষ্কার করে ফেলতে হবে। ব্যবহারের উপর ভিত্তি করে সপ্তাহে একদিন বা মাসে একদিন পরিষ্কার করতে হবে। কোনো স্কিপের মধ্যে চর্বি রেখে দিতে হবে বা নিয়ে যাবার জন্য জমা করে রাখতে হবে। পরিষ্কার করার পর ট্র্যাপটি ঠান্ডা জলে ধুয়ে ফেলতে হবে না হলে এটি ঠিকমত কাজ করবে না।
- গ্রীজ ট্র্যাপটি কখনোই ফুটন্ত জলে ধোবেন না - এর ফলে ট্র্যাপে বাঁধা পড়া গ্রীজ গলে চলে যাবে এবং আপনার ড্রেনের অনেক ভেতরে গিয়ে ঠান্ডা হয়ে জমাট বাঁধবে।
- আপনার যদি ডিশওয়াশার থাকে আপনি সুনিশ্চিত করবেন যে এর নোংরা জল যেন গ্রীজ ট্র্যাপ দিয়ে না বেরিয়ে যায়। ডিশওয়াশারের জল এত গরম থাকে যে ট্র্যাপে চর্বি বা তেল গলে গিয়ে নরদমা দিয়ে বেরিয়ে যেতে পারে।

গ্রীজ ট্র্যাপ যথাস্থানে থাকা সত্ত্বেও, আপনি সুনিশ্চিত করবেন যে তেল কখনও যেন সিঙ্ক দিয়ে ফেলা না হয় কারণ ট্র্যাপ অনেক পরিমাণের তেল ধরে রাখতে পারে না।

যদি আপনি ভাবেন আপনার গ্রীজ ট্র্যাপের দরকার তাহলে আমাদের **কাস্টমার হেল্পলাইনে 0845 601 8855** নম্বরে ফোন করুন এবং ট্রেড এফলুয়েন্ট কোয়োলিটি টীমের একজন সদস্যের সঙ্গে কথা বলার জন্য বলুন।

## মেসারেটরের ব্যাপারটা কি?

ফুড মেসারেটর বর্জ্য খাদ্যদ্রব্য ছোট ছোট আকারে কাটে যেটা ড্রেন বা নালীর মধ্যে দিয়ে বয়ে যেতে পারে। কিন্তু, এর ফলে ভূমির নিম্নস্থ নরদমায় খাবার এবং চর্বি বেশি পরিমাণে প্রবেশ করে এবং আপনার রান্নাঘর থেকে সরাসরি নরদমা বন্ধ হবার উপক্রম হয়। সেজন্যে আমরা রান্নাঘরে ফুড মেসারেটর ব্যবহার করার পরামর্শ দিই না।

## রান্নাঘরের কর্মচারীদের জন্য জ্ঞাতব্য তথ্য

### প্যান ধোওয়া

যখন পট ও প্যান (থালা বাসন ইত্যাদি) ধোওয়া হয়, খুব অল্প পরিমাণেও তেল সিঙ্কের ভেতর দিয়ে যাওয়া উচিত নয়। প্যানের গায়ে লেগে থাকা তেল বা চর্বি প্রথম চেঁচে ফেলে কোনো পাত্রে রেখে দেওয়া উচিত।

### খাবারের টিন থেকে বর্জ্য তেল

আপনি যদি এমন কোনো খাবার খান যা তেলে জমিয়ে রাখা হয়েছে (যেমন টিনের কৌটোতে রাখা মাছ, মাংস বা অলিভ), সুনিশ্চিত করবেন যে এর তেলটা যেন সিঙ্কে ঢেলে ফেলা না হয়, কোনো পাত্রে এটা ছেঁকে রাখা উচিত এবং নিরাপদ অপসারণের ব্যবস্থা করা উচিত।

### বর্জ্য খাদ্যদ্রব্য

বর্জ্য খাদ্যদ্রব্য এবং আনাজপাতির খোসা ড্রেন বা নরদমা থেকে দূরে রাখা উচিত। এইসব দ্রব্যের যে অংশ সিঙ্ক দিয়ে বেড়িয়ে যায় তার পরিমাণ আপনি কমাতে পারেন প্লাগ হোলে গ্রেট লাগিয়ে। সুনিশ্চিত করবেন যে সবাই যেন জানে যে ভাত, সব্জীর খোসা, তরকারির কুচি ইত্যাদি যেন সিঙ্কে ফেলা না হয়, যেন হাতা দিয়ে খুবলে তুলে ডাস্টবিনে (কুড়োদানে) ফেলা হয়।

## সিঙ্কের মধ্যে দিয়ে নরদমায় ফেলে রান্নাকরা তেল থেকে নিষ্কৃতি পাবার চেষ্টা করবেন না।

চর্বি থেকে নরদমা বন্ধ হয়ে যাবার এটাই সচরাচর কারণ। যারা আপনার রান্নাঘরের কাজ করছে তাদের সকলের একথা জানা উচিত। যখন রান্নাঘরে কোনো নতুন কর্মচারী কাজ করতে আসে, কিভাবে তেল ও চর্বি যথাযথভাবে ফেলতে হয় তা তাকে ব্যাখ্যা করে বোঝানো অবশ্যই উচিত।

## তেল এবং চর্বির নিরাপদ অপসারণ

বর্জ্য তেল এবং চর্বি একটি উপযুক্ত এয়ারটাইট বা বায়ুরোধী পাত্রে রেখে স্বাস্থ্যসম্মতভাবে আলাদা রেখে দিতে হবে। সাধারণ আবর্জনা সংগ্রহের জন্য এটা রাখবেন না কারণ (আবর্জনা) গাড়ীর কমপ্রেশন গীয়ারে এটি বিস্ফোরণ ঘটাতে পারে।

পরিবর্তে, আমাদের **কাস্টমার হেল্পলাইনে** ফোন করুন এবং আমাদের ওয়েস্ট সার্ভিসেস সেকশনের (বর্জ্যপদার্থ পরিষেবা বিভাগের) জন্য বলুন।

বিকল্পভাবে, আপনি একটি রেজিস্টার্ড ওয়েস্ট কোম্পানী ব্যবহার করতে পারেন, যে আপনার বর্জ্য তেল ও চর্বি সংগ্রহ করবে। আপনার বাড়ির কাছে কোনো কোম্পানীর জন্য ইয়েলো পেজেস দেখুন।

এই প্রচারপত্রের বিকল্প আকার বিনামূল্যে পাওয়া যেতে পারে। টেক্সটফোন ব্যবহারকারীরা **0845 603 8855** নম্বরে ফোন করুন।

ব্রেল, ছাপার বড় হরফ, অডিও টেপ এবং অন্যান্য নানা ভাষার বিষয়ে জ্ঞাতব্য তথ্যের জন্যে **0845 606 8855** এ ফোন করুন।

আমাদের সঙ্গে যোগাযোগ করার সময়ে অনুগ্রহ করে এই রেফারেন্স কোড **SWTECK 10/05** উল্লেখ করুন

## আরও জ্ঞাতব্য তথ্য

যদি আপনার আরও তথ্যের প্রয়োজন হয় আমাদের সঙ্গে যোগাযোগ করুন ঃ
ফোনে, আমাদের **কাস্টমার হেল্পলাইনে 0845 601 855,**
ওয়েবসাইটে **www.scottishwater.co.uk**
অথবা চিঠি লিখে এই ঠিকানায় **Scottish Water, PO Box 8855, Edinburgh, EH10 6YQ**

অনুগ্রহ আমাদের **এমারজেন্সী হেল্পলাইন 0845 600 8855** এ অবিলম্বে ফোন করে জলের সাপ্লাই (যোগান), নরদমা অথবা দূষণের ঝুঁকি সংক্রান্ত যে কোনো **জরুরী** অবস্থা সম্পর্কে জানান।